গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কুষ্টিয়া সদর,-কুষ্টিয়া।
E-mail: useo_kushtiasadar@yahoo.com

স্মারক নং-৩৭.১০,৫০৭৯,০০০,০০১.২৫, ২০৫(যুক্ত)

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয় : কুষ্টিয়া জেলার সদর উপজেলাধীন কবুরহাট মাধ্যমিক বিদ্যালয় (EIIN-১১৭৭৭৫) এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে নির্বাচনী তফসিল ঘোষণা প্রসঙ্গে।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার,কুষ্টিয়া সদর, কুষ্টিয়া মহোদয়ের অফিস স্মারক নং: ০৫.৪৪,৫০৭৯,০০০.৩৪.০০৯.২৫.৭৭৪(যুক্ত) তারিখ: ২৮/০৯/২০২৫ খ্রি. মোতাবেক কবুরহাট মাধ্যমিক বিদ্যালয় (EIIN-১১৭৭৭৫) এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনে আমি নিম্নস্বাক্ষরকারী প্রিজাইডিং অফিসার নিযুক্ত হয়ে (ক) প্রতিষ্ঠাতা সদস্য ০১ (এক) জন, (খ) দাতা সদস্য ০১ (এক) জন, (গ) সাধারণ শিক্ষক ০২ (দুই) জন (ঘ) সংরক্ষিত মহিলা শিক্ষক ০১ (এক) জন, (ঙ) সাধারণ অভিভাবক ০৪ (চার) জন, (চ) সংরক্ষিত মহিলা অভিভাবক ০১ (এক) জন সহ বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচনের জন্য নির্বাচনী তফসিল ঘোষণা করলাম।

| ক্রম. | বিবরন | তারিখ | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র আহবান ও জমাদান | ১৩/১০/২০২৫, ১৪/১০/২০২৫ ও ১৫/১০/২০২৫ খ্রি. সোমবার, মঙ্গলবার,ও বুধবার। | প্রধান শিক্ষকের কার্যালয়, কবুরহাট মাধ্যমিক বিদ্যালয়, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া | অফিস চলাকালীন সময়ে |
| ০২ | মনোনয়নপত্র বাছাই | ১৬/১০/২০২৫ খ্রি. বৃহস্পতিবার | প্রিজাইডিং অফিসারের কার্যালয় | দুপুর-১২.৩০ ঘটিকা |
| ০৩ | মনোনয়ন পত্র প্রত্যাহার ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ১৯/১০/২০২৫ খ্রি. রবিবার | প্রধান শিক্ষকের কার্যালয়, কবুরহাট মাধ্যমিক বিদ্যালয়, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া | অফিস চলাকালীন সময় (বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত) |
| ০৪ | নির্বাচনের তারিখ ও ফলাফল ঘোষণা | ০১/১১/২০২৫ খ্রি. শনিবার | বিরতিহীন ভাবে সংশ্লিষ্ট বিদ্যালয় ক্যাম্পাসে | সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। |

বিশেষ দ্রষ্টব্য: ভোটার তালিকাসহ অন্য কোন কারণে নির্বাচন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হলে প্রতিষ্ঠান-প্রধানকেই দায়ভার বহন করতে হবে। প্রার্থী অথবা তাঁর প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) মনোনয়নপত্র বাছাই করা হবে। তফশীল অনুযায়ী আগ্রহী প্রার্থীগণ নির্ধারিত মূল্যে মনোনয়নপত্র গ্রহণ ও জমাপ্রদান করবেন। **উল্লেখ্য যে, ১০ম শ্রেণিতে অধ্যয়নরত কোন শিক্ষার্থীর অভিভাবক প্রার্থী হতে পারবেন না তবে ভোটা প্রদান করতে পারবেন।**

গুরত্বপূর্ণ আচরণ বিধিঃ ম্যানেজিং কমিটি গঠনের নির্বাচনী প্রচারণায় কোনরূপ মিছিল, জনসভা, অভিভাবক সমাবেশ, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোস্টার, বাইসাইকেল বা মোটরসাইকেল কিংবা গাড়ী বহর ব্যবহার করা যাবে না। নির্বাচনী প্রচারনায় কেবলমাত্র ৫.৫ ইঞ্চি বাই ৮.৫ ইঞ্চি সাদা-কালো লিফলেট প্রকাশ ব্যতীত অন্য কোন খাতে অর্থ ব্যয় করা যাবে না এবং কোন নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না।

৩০/০৯/২৫

শামীম আহমেদ খান
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
প্রিজাইডিং অফিসার
কবুরহাট মাধ্যমিক বিদ্যালয় এর ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৫
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।